গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা

## সুরক্ষা সেবা বিভাগের বিদ্যমান সমস্যাসমূহ সমাধানের লক্ষ্যে সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোকাব্বির হোসেন<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | ১৫ জুলাই ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন জুম প্লাটফরম |
| উপস্থিতি | পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সুরক্ষা সেবা বিভাগের বিদ্যমান সমস্যাসমূহ সমাধানের লক্ষ্যে বিবেচ্য বিষয়সমূহ উপস্থাপন করার জন্য ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ জানান।

ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, এ বিভাগের অনুবিভাগসমূহের বিদ্যমান সমস্যাসমূহ ও সমাধানের প্রস্তাব ১১ জুলাই ২০২১ তারিখের মধ্যে প্রশাসন-১ শাখায় প্রেরণের জন্য সকল অনুবিভাগ প্রধানগণকে অনুরোধ করা হয়। এর প্রেক্ষিতে এ বিভাগের ৭টি অনুবিভাগ থেকে সমস্যাসমূহ ও সমাধানের প্রস্তাব প্রশাসন-১ পাওয়া যায় এবং সমস্যাসমূহ সচিব, সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করা হয়। প্রাপ্ত সমস্যাসমূহ সমাধানের লক্ষ্যে সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী এ বিভাগের সকল কর্মকর্তাগণের সমন্বয়ে অদ্য ১৫ জুলাই ২০২১ তারিখ সভাটি অনুষ্ঠিত হয়।

সভায় কর্মকর্তাগণ তাঁর অনুবিভাগ/অধিশাখা/শাখাসমূহের বিভিন্ন সমস্যাসমূহ সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করেন এবং সমাধানের লক্ষ্যে সচিব মহোদয়ের পরামর্শ এবং নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করেন। সচিব মহোদয় উপস্থাপিত সমস্যাসমূহ ধৈর্য্যসহকারে শুনেন এবং সমাধানের জন্য তাৎক্ষণিক দিকনির্দেশনা প্রদান করেন।
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | নথিপত্র সংরক্ষণ, কর্মচারীদের বসার বিষয়ে পরিকল্পিতভাবে কক্ষগুলো সজ্জিত করে প্রয়োজনে ওভারহেড লকার তৈরী করে নথিপত্র সংরক্ষণ ও কর্মচারীগণের বসার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ<br>• উপসচিব (প্রশাসন-২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ | |

| | | | |
|---|---|---|---|
| ২. | এ বিভাগের সাথে চুক্তিবদ্ধ Internet Service Provider BTCL এবং সিয়াম ট্রেডিং লিমিটেড এর সাথে যোগাযোগ করে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ এবং গতি বৃদ্ধি নিশ্চিত করতে হবে এবং সময়ে সময়ে Upgrade করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ<br>• উপসচিব (প্রশাসন-২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ<br>• প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ | |
| ৩. | এ বিভাগে প্রাপ্ত যে সকল পত্রে করণীয় থাকবে না সেসব পত্র নথিতে দিয়ে ডেস্ক কর্মকর্তা তাঁর একধাপ উপরের পর্যায়ের কর্মকর্তার অনুমোদন নিয়ে নথিজাত করবেন। | • সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ | |
| ৪. | পদ সৃজন, পদ সংরক্ষণ, পদ স্থায়ীকরণ, পদোন্নতি, পেনশন প্রভৃতি বিষয়ে নির্ধারিত আইন বিধিমালা ও চেকলিস্ট অনুসরণ করতে হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র না থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা চিঠির উপর লিখে সংশ্লিষ্ট কাগজপত্র চেয়ে খসড়াসহ উপস্থাপন করার জন্য শাখা কর্মকর্তাকে নির্দেশ প্রদান করবেন। | • সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ | |
| ৫. | নোটশীট ১ পৃষ্ঠার বেশি হলে প্রতিপাতায় স্বাক্ষর করতে হবে। হার্ডকপিতে রেজুলেশন পাঠালে প্রতি পাতায় স্বাক্ষর করতে হবে। | • সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ | |
| ৬. | বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে কোন সুপারিশ উল্লেখ করবেন না। কোন অভিযোগ প্রমাণিত বা প্রমাণিত হয়নি উল্লেখ করবেন। | • সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ | |
| ৭. | অডিট আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে ভূতাপেক্ষ অনুমোদন না দিয়ে আপত্তি যে বিষয়ে সেই সময় যে সকল কর্মকর্তা এখতিয়ার বহির্ভূতভাবে বা যথাযথ অনুমোদন গ্রহণ না করে ব্যয় করেছেন তাদের নিকট হতে আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | • অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ | |
| ৮. | • জুলাই মাসের মধ্যে Procurement Plan তেরি করতে হবে। Procurement Plan পাওয়ার পর PPR এবং অন্যান্য বিধিমালা অনুসরণ করে করা হয়েছে কিনা তা যাচাই করতে হবে এবং পরবর্তীতে পাঠানো DPPতে যথাযথভাবে এর প্রতিফলন হয়েছে কিনা এবং আর্থিক বিধিবিধান অনুসরণ করে করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান নিশ্চিত করবেন।<br>• জুলাই মাসের মধ্যে রাজস্ব ব্যয়ের Procurement Plan তৈরী করে অনুমোদন নিতে হবে এবং যথাসম্ভব উক্ত Procurement Plan অনুসরণ করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ<br>• অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ<br>• উপসচিব (প্রশাসন-২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ | |
| ৯. | প্রকল্পের রেট সিডিউল পরিবর্তনের প্রস্তাব যথাযথ বিধিবিধান অনুসরণ করে উপস্থাপন করতে হবে। কোনভাবে নিয়মের ব্যত্যয় ঘটানো যাবে না। | • অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ | |
| ১০. | কোন শাখায় Scanner/Printer/Computer না থাকলে চাহিদামতে দ্রুত সরবরাহ নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা মাঝে মাঝে শাখাসমূহ পরিদর্শন করে সরবরাহকৃত যন্ত্রপাতি সঠিক আছে কিনা, অতিরিক্ত ব্যবহারবিহীনভাবে পড়ে আছে কিনা যাচাইঅন্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | • অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ<br>• উপসচিব (প্রশাসন-২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | এ বিভাগের সকল কর্মচারীগণকে (২-৯ গ্রেড, ১০ গ্রেড এবং ১১-১৬ গ্রেড) ই-নথিতে ডকুমেন্ট স্ক্যান, আপলোড, নোট লিখন, পত্রের খসড়া, পত্র জারি তৈরি ইত্যাদির বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণ এর পূর্বে ও পরে Assessment এর ব্যবস্থা করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ<br>• উপসচিব (প্রশাসন-১ শাখা), সুরক্ষা সেবা বিভাগ | |
| ১২. | সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন বিদেশস্থ ১৯টি মিশনের পাসপোর্ট ও ভিসা উইংয়ের সাথে ক্লাস্টার করে জুম মিটিং করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ<br>• অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ<br>• সিনিয়র সহকারী সচিব (মিশন শাখা), সুরক্ষা সেবা বিভাগ<br>• প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ | |
| ১৩. | প্রকল্প পরিচালকগণকে সংশ্লিষ্ট অধিদপ্তরের ই-নথি সিস্টেমে অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রযোজ্য যোগাযোগের ক্ষেত্রে ই-নথি ব্যবহার করতে হবে। | • অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ<br>• উপসচিব (পরিকল্পনা-১ শাখা), সুরক্ষা সেবা বিভাগ<br>• প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ | |
| ১৪. | দ্বৈত নাগরিকত্ব, On Arrival Visa প্রদান, বিদেশে পাসপোর্ট পাঠানো, ভারতে চিকিৎসার জন্য গমন ইত্যাদি ও অন্যান্য কোন্ কোন্ বিষয়ের আবেদন অনলাইনে নেয়া সম্ভব যাচাইঅন্তে আগামী ২২ আগস্ট ২০২১ তারিখের মধ্যে কমপক্ষে একটি সেবা অনলাইনে চালু করার বিষয়ে জনাব মোঃ যাহিদ হোসেন, যুগ্মসচিব, জনাব মুহাম্মদ আবদুল হাই মিলটন, উপসচিব, জনাব তরফদার মাহমুদুর রহমান, উপসচিব এবং জনাব মোঃ আইয়ুব হোসেন, প্রোগ্রামার, আইসিটি সেল উদ্যোগ গ্রহণ করবেন। | • অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ<br>• জনাব মোঃ যাহিদ হোসেন, যুগ্মসচিব, (বহিরাগমন-১ অধিশাখা ও বহিরাগমন-২ অধিশাখা), সুরক্ষা সেবা বিভাগ<br>• জনাব মুহাম্মদ আবদুল হাই মিলটন, উপসচিব (আইন-২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ<br>• জনাব তরফদার মাহমুদুর রহমান, উপসচিব (বহিরাগমন-৫ শাখা ও বহিরাগমন-৬ শাখা)<br>• প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ | |

মোঃ মোকাব্বির হোসেন

সচিব, সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৭০.৩১.০০১.২১.৩৮০

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৮

১৫ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৩) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ

৪) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

শহীদ মোহাম্মদ ছাইদুল হক
উপসচিব